

A multidisciplinary bilingual academic peer reviewed journal, **RKSMVV Journal of Human Sciences** is inviting papers related to the theme of Women and Society for its maiden issue.

**Theme : WOMEN AND SOCIETY**

People are born female or male, but learn to be girls and boys who grow into women and men. They are taught what the appropriate behavior and attitudes, roles and activities are for them and how they should relate to other people. These learnt attributes are what constitute their gender identities and determine their gender roles. A gender analysis identifies analyses and helps to act upon inequalities that arise from the different roles of women and men or the unequal power relationships between them and also the consequences of that inequality on their lives, health and well being. Empirical research in recent years has unveiled the fact that women occupy a marginalized position in society. That women are unequally treated, particularly in the third world societies, is evident from the perception of high mortality rate of women, their unhealthy living conditions, malnutrition and their lack of education, killing of girl child, abusing women and such other acts. Amartya Sen in his essay 'Gender Inequality and Theories of Justice' has observed that the total number of 'missing women' in Asia and North Africa is quite large (more than fifty million in China and thirty seven million in India), compared to that of Europe and North America, the total exceeding hundred million worldwide. By capitalizing the case of 'missing women' all over the world, he attempted to make us aware of the growing problem of gender inequality in matters of life and death. He is of the opinion that such indication of inequalities in morbidity, unequal medical care and neglected living conditions of women seems to have a negative orientation towards women.

We have seen through ages that women have been discriminated against on biological, sexual, economic, and social and several other grounds. Feminist movements have emerged with a set of social theories and practices that are critical of past and present social relations. These feminist approaches, in spite of in-house differences, share a common view that social, political, cultural and institutional frameworks that create and dictate the pattern of women's lives are unjust. The alarming issues, against which the feminist scholars are attempting to raise their voices, are that of social injustice and inequality against women. These feminist movements are primarily motivated and informed by the experiences of women. The lived experiences of women reveal systematic subordination of women to men. The reason behind such unequal treatment might be the unequal power structure and unjust social arrangement, which through ages has strengthened this power hierarchy. We need to break this belief. We need to oppose this unequal treatment towards women. Patriarchy for its own survival projects women as vulnerable and inadequate, but reality tell us a different story. Woman's lived-experience shows that she is different but not below non-human. Let us voice our opinions against this myth that 'women are weak and vulnerable'.

In this first edition of our journal we would like to usher the spirit of femininity and womanhood that we consider as our strength and not weakness. This edition's theme is 'Women and Society', where we are inviting resourceful cognitive reflections on issues regarding women and their existence in the society. We want the articles to be dynamic in their approach towards women and their lived-experiences. The issues may be addressed from any social science perspectives, or economic standpoint.

## প্রস্তাবনা

স্বভাবতঃ প্রকৃতিগতভাবে নারী ও পুরুষরূপে মানুষের জন্ম। সময়ের সঙ্গে সঙ্গে ব্যবহারিকদৃষ্টিতে সমাজের প্রতি তাদের আচরণে লিঙ্গগত বৈষম্যের প্রভাব প্রোথিত করে দেওয়া হয়। এই অনুপ্রবিষ্ট শিক্ষা তাদের লিঙ্গগত পরিচিতি ও সমাজের প্রতি তাদের লিঙ্গভিত্তিক আচরণগুলিকে নির্দিষ্ট করে দেয়। লিঙ্গ-বিশ্লেষণাত্মক চর্চা (Gender-analysis) নারী ও পুরুষের জীবনচর্যার প্রতিটি সূক্ষ্মাতিসূক্ষ্ম স্বাতন্ত্র্য থেকে বেরিয়ে আসতে সাহায্য করে। সাম্প্রতিক রাশিতাত্ত্বিক গবেষণালব্ধ চিত্রটি প্রকাশ করে যে, এই সমাজে নারীর অস্তিত্বের পরিধি বড়ই সীমায়িত। বিশেষতঃ তৃতীয় বিশ্বে নারীর স্থান ও তার প্রতি সমাজের সর্বস্তরের আচরণের বৈষম্য আমাদের বিস্মিত করে। আমাদের ভাবতে বাধ্য করে নারী মৃত্যুর অস্বাভাবিক হার, তাদের অস্বাস্থ্যকর জীবনযাপন, অপুষ্টি, শিক্ষাপ্রাপ্তির চূড়ান্ত সুযোগের অভাব, ভূগবস্থা ও কন্যাকালীন দশাতেও তাদের নির্বিচার হত্যার তথ্যগুলি। অমর্ত্য সেন তাঁর 'Gender Inequality and Theories of Justice' প্রবন্ধে দেখিয়েছেন, এশিয়া ও উত্তর আফ্রিকার নিরুদ্দিষ্ট মহিলার সংখ্যা ইউরোপ ও উত্তর আমেরিকার তুলনায় অচিস্তনীয়। এই নারী-নিরুদ্দেশের ক্রমবর্ধিত সমস্যার সংখ্যাভিত্তিক তথ্যপ্রদানের মাধ্যমে জীবন-মৃত্যুর নিরিখে তিনি আমাদের লিঙ্গগত বৈষম্যের তীব্রতা বিষয়ে সচেতন করতে চেয়েছেন। তাঁর মতে, এই অসাম্যমূলক ব্যবস্থা তা সে অযত্নই হোক বা জীবনযাপনের প্রতি নিস্পৃহতা ও জীবনধারণের অবহেলিত দশা, নারীদের পারস্পরিক আচরাচরণেও যথেষ্ট নেতিবাচক প্রভাব বিস্তার করে।

যুগায়ত দৃষ্টান্ত আমাদের সামনে এই সত্যই তুলে ধরেছে যে জৈবিক ক্ষেত্রে, যৌনজীবনে, আর্থ-সামাজিক ও অন্যান্য বিবিধ ক্ষেত্রে নারীরা বৈষম্যের তীব্র শিকার। নারীবাদী আন্দোলন অতীত ও বর্তমানের এই ধরনের সামাজিক বৈষম্যের অবস্থানের নিরিখেই গড়ে উঠেছে। আভ্যন্তরীণ মতাদর্শগত পার্থক্য থাকলেও এই নারীবাদী দৃষ্টিভঙ্গি সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক এবং প্রাতিষ্ঠানিক পরিকাঠামোতেও নারীর জীবন ও তাদের প্রতি অবিচারের একটি সাধারণ যুক্তিতে উপনীত হতে পেরেছে। বিশেষতঃ এই অবিচার ও বৈষম্যের বিরুদ্ধেই নারীবাদের সোচ্চার প্রতিবাদ। এই আন্দোলনটি প্রাথমিকভাবে প্রাণিত ও জ্ঞাপিত হয়েছিল এদেরই অভিজ্ঞতার নিরিখে। নারীর প্রতি এই অবদমনের নীতি তাদের দৈনন্দিন জীবনযাপনের চিত্রের মাধ্যমে উন্মোচিত হয়। আর এক ভাবে দেখতে গেলে এই বৈষম্যের কারণ সম্ভবত আমাদের সমাজের ক্ষমতা বিভাজনের যুগায়ত বিষম পরিকাঠামো। আজ সময় এসেছে এই একপেশে সামাজিক সংস্কারের মূলে কুঠারাঘাত করার। এই পিতৃতান্ত্রিক প্রভাব দৃঢ় থেকে দৃঢ়তর হয়েছে খানিকটা নারীর দুর্বল ও পেলব স্বভাবের কারণেই। কিন্তু একথা তো ঠিক যে প্রকৃতিগতভাবে নারী স্বতন্ত্র হলেও সে মনুষ্যের কোন জীব নয়। তাই উদাত্ত ও মুক্তকণ্ঠে আমরা এই ভ্রান্তবিশ্বাসকে ভাঙতে চাই যে 'নারী দুর্বল ও অসহায়'। আমাদের সার্বিক প্রয়াসের ফলশ্রুতি এই মহাবিদ্যালয়ের জার্নালের ১ম সংখ্যায় 'নারীসত্তা আমাদের দুর্বলতা নয়, বরং অন্যতম শক্তি'----এই ধারণাকে সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্য রেখেছি। এই প্রাথমিক পর্বের বিষয়বস্তু হল 'Women and Society' (নারী ও সমাজ), এখানে আমরা আহ্বান করছি বুদ্ধিদীপ্ত ও সমৃদ্ধ রচনা যা নানাদিক থেকে নারী ও সমাজে তার ভূমিকার প্রতিফলনকে চিহ্নিত করে। এই সংখ্যাটি সমাজবিজ্ঞান ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির প্রেক্ষাপটে নারীর বিবিধ ভূমিকাকে আলোকিত করবে।